

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬৩২৮ ফ্যাক্স : ০৮১-৭৬৪৩৮

বিজ্ঞপ্তি নং- ৪৪/২০১৫


তারিখ- ১৩/০৭/২০১৫

## বিজ্ঞপ্তি

কুমিল্লা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল মাধ্যমিক বিদ্যালয়, স্কুল এন্ড কলেজ এবং কলেজের প্রধান শিক্ষক/অধ্যক্ষ, প্রধান পরীক্ষকগণসহ সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে জানান যাচ্ছে যে, জেএসসি, এসএসসি এবং এইচএসসি পরীক্ষার উত্তরপত্রগুলো বোর্ডে জমা প্রদানের বিষয়ে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

১. পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ২০১৫ সালের জেএসসি, এসএসসি এবং এইচএসসি পরীক্ষা থেকে প্রধান পরীক্ষকদের নিকট সংরক্ষিত উত্তরপত্রসমূহ বোর্ডে পাঠাতে হবে না।
২. প্রধান পরীক্ষকগণ সংশ্লিষ্ট পরীক্ষার ফল প্রকাশের তারিখ থেকে ১৫০ (একশত পঞ্চাশ) দিন পর্যন্ত উত্তরপত্রসমূহ নিজ দায়িত্বে যথাযথভাবে সংরক্ষণ করবেন। ফলাফল প্রকাশিত হওয়ার পর ১৫০ (একশত পঞ্চাশ) দিন অতিবাহিত হওয়ার পূর্বে কোন ক্রমেই উত্তরপত্রগুলো বিক্রি/বিনষ্ট করা যাবে না।
৩. পরীক্ষার ফল প্রকাশের তারিখ থেকে ১৫০ (একশত পঞ্চাশ) দিন অতিবাহিত হলে উত্তরপত্রগুলো তাঁরা নিজেরাই প্রাপ্য হবেন এবং বিক্রয়/বিনষ্ট করতে পারবেন।
৪. জেএসসি পরীক্ষার ক্ষেত্রে প্রতি ২৫ টি উত্তরপত্রের ওজন ১ কেজি এবং এসএসসি ও এইচএসসি পরীক্ষার ক্ষেত্রে প্রতি ২৩ টি উত্তরপত্র ১ কেজি হিসেবে গণ্য করা হবে।
৫. একজন প্রধান পরীক্ষকের প্রাপ্য মোট উত্তরপত্র থেকে প্রতি কেজির দর ১৫/- টাকা হিসেবে মোট যতো টাকা হবে তা প্রধান পরীক্ষকগণের বিল থেকে কর্তন করে বিল পরিশোধ করা হবে।
৬. ২০১৫ সালের পূর্বের উত্তরপত্র অবশ্যই পূর্বের নিয়মে বোর্ডে জমা দিতে হবে।

উপরে বর্ণিত সিদ্ধান্তগুলো স্ব স্ব প্রতিষ্ঠানের সকল শিক্ষককে জানিয়ে দেয়ার জন্য প্রতিষ্ঠান প্রধানগণকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

  
পরীক্ষা নিয়ন্ত্রক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড  
কুমিল্লা  
১৩.৭.১৫

প্রেরক :	প্রাপক :
পরীক্ষা নিয়ন্ত্রক মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড কুমিল্লা	